# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং-বুটেক্স/প্রশাঃ/২২/১৩তম খন্ড/২০২৬/৮৯৬

তারিখ: ২৮/০৯/২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা এর নিম্নলিখিত শূণ্য পদসমূহ বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (বেতন স্কেল ২০২৬) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | প্রভাষক (এ্যাপারেল)<br>বেতন স্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)<br>[সহযোগী অধ্যাপক পদের বিপরীতে]<br>এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং বিভাগ। | ০১ | ১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক ডিগ্রী থাকতে হবে। স্নাতক পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে।<br>২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে।<br>৩. পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। |
| ২. | লাইব্রেরীয়ান<br>বেতন স্কেল: ১১৩০০০-১৪৮৮০০/- (গ্রেড-৩)<br>সেন্ট্রাল লাইব্রেরী। | ০১ | প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সকল পর্যায় ন্যূনতম ২য় শ্রেণী/বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে কমপক্ষে মাস্টার্স ডিগ্রীধারী এবং ১ম শ্রেনীর পদে লাইব্রেরী বা অনুরূপ কাজে কমপক্ষে ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। তন্মধ্যে ডেপুটি-লাইব্রেরীয়ান পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেজ এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং পাবলিক বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরীর কাজে অভিজ্ঞতা সম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল: ২৪০০০-৫৮০০০/- (গ্রেড-১৩)<br>একাডেমিক শাখা, রেজিস্ট্রার দপ্তর। | ০২ | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ বা তার সমতুল্য জিপিএসহ কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২৫ (পঁচিশ) ও ৩৫ (পঁয়ত্রিশ) শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে। দাপ্তরিক কাজ সহ কম্পিউটার (এম.এস ওয়ার্ড/এক্সেল/পাওয়ারপয়েন্ট/ একসেস) পরিচালনায় অভিজ্ঞ ও সক্ষম হতে হবে। |
| ৪. | কেয়ারটেকার<br>বেতন স্কেল: ২৪০০০-৫৮০০০/- (গ্রেড-১৩)<br>রেজিস্ট্রার দপ্তর। | ০১ | প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |
| ৫. | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট<br>বেতন স্কেল: ২১৯০০-৫২৯০০/- (গ্রেড-১৬) | ০৪ | প্রার্থীকে বাংলাদেশের কোন স্বীকৃত বোর্ড থেকে এইচএসসি পাশসহ কম্পিউটারে বাংলা ও ইংরেজী টাইপিং এ দক্ষতা (প্রতি মিনিটে বাংলা-২০ শব্দ ও ইংরেজী-৩০ শব্দ) থাকতে হবে। |
| ৬. | সহকারী হিসাবরক্ষক<br>বেতন স্কেল: ২১৯০০-৫২৯০০/- (গ্রেড-১৬)<br>অর্থ ও হিসাব দপ্তর। | ০১ | প্রার্থীকে এইচএসসি (বাণিজ্য) বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। হিসাবের কাজ, ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৭. | সহকারী ক্যাশিয়ার<br>বেতন স্কেল: ২১৯০০-৫২৯০০/- (গ্রেড-১৬)<br>অর্থ ও হিসাব দপ্তর। | ০১ | প্রার্থীকে এইচএসসি (বাণিজ্য) বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। হিসাবের কাজ, ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৮. | লাইব্রেরী সহকারী<br>বেতন স্কেল: ২১৯০০-৫২৯০০/- (গ্রেড-১৬)<br>সেন্ট্রাল লাইবেরী। | ০১ | প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ বা তার সমতুল্য জিপিএসহ কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় পাশ এবং কোন অনুমোদিত প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার বিজ্ঞান/গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। |
| ৯. | সিকিউরিটি গার্ড<br>বেতন স্কেল: ২০০০০-৪৮৪০০/- (গ্রেড-২০)<br>রেজিস্ট্রার দপ্তর। | ০৫ | প্রার্থীকে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশসহ বিশ্বস্ত ও শক্ত কাজ করার সামর্থ সম্পন্ন হতে হবে। |

শর্তাবলী:

১। অগ্রহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস/**Website: www.butex.edu.bd** হতে জীবন বৃত্তান্তের একটি ফরমেট সংগ্রহপূর্বক পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা (শিক্ষক পদের ক্ষেত্রে সকল সার্টিফিকেট ও ট্রান্সক্রিপ্টসহ) ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

২। ক্রমিক নং-০১ বর্ণিত পদের জন্য ০৫ সেট, ক্রমিক নং-০২ এ বর্ণিত পদের জন্য ০৫ (সাত) সেট, ক্রমিক নং-০৩ থেকে ০৯ এ বর্ণিত পদসমূহের জন্য ০২ (দুই) সেট পূর্নাঙ্গ আবেদনপত্র দাখিল করতে হবে।

৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর **সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে চরিত্র সম্পর্কিত প্রশংসাপত্র (Testimonial)** এবং চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে বেতন স্কেল উল্লেখপূর্বক অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রে ও খামের উপর সুস্পষ্টভাবে **পদের নাম, বিভাগ/দপ্তর, প্রযোজ্য ক্ষেত্রে বিষয়** উল্লেখ করতে হবে।

৫। সকল আবেদনপত্র **"রেজিস্ট্রার, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮"** বরাবর প্রেরণ করতে হবে।

৬। আবেদন ফি: অনলাইনে BUTEX এর ওয়েব সাইট http://www.butex.edu.bd ওপেন করে Fees payment=>Application fee=>Job=>position Applied for=>Applicant's Name=>Father's Name=>Mobile No=>Amount=>Payment option এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য (বিস্তারিত তথ্য চলে আসবে এবং নির্দিষ্ট ফিল্ডে তথ্য প্রদান করে) Sonali Payment Gateway এর মাধ্যমে সোনালী ব্যাংকের একাউন্ট টু একাউন্ট, সোনালী ই-ওয়ালেট, ভিসা কার্ড, মাস্টার কার্ড, এমেক্স কার্ড, নেক্সাস কার্ড (ডিবিবিএল), বিকাশ, নগদ, রকেট, উপায় এবং ট্যাপ এর মাধ্যমে ক্রমিক নং-০১ ও ০২ এ বর্ণিত পদের জন্য ২০০/-(দুইশত) টাকা, ক্রমিক নং-০৩ থেকে ০৮ এ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং-০৯ এ বর্ণিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা পরিশোধ করে (চার্জ প্রযোজ্য) জমা রশিদের BUTEX কপি মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। **চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।**

৮। **আবেদনপত্র পাঠানোর তারিখ: ৩০/০৯/২০২৬ থেকে ২৯/১০/২০২৬ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ের মধ্যে)।**

৯। কোন পদের প্রার্থীর সংখ্যা বেশী হলে প্রয়োজনবোধে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হতে পারে।

১০। **অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।**

১১। **যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্র/এসএমএস এর মাধ্যমে আবেদনপত্রে উল্লেখিত মোবাইল নম্বরে জানানো হবে।** লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাৎকারে অংশগ্রহনের সময় সকল প্রকার সনদ এবং ট্রান্সক্রিপ্টের মূল কপি দেখাতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন প্রকার কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৩। আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রীপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষায় ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৪। দেশের বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং বিদেশে অর্জিত ডিগ্রী এই বিশ্ববিদ্যালয় অনুমোদিত ডিগ্রীর সাথে অনুরূপ ডিগ্রী হিসাবে ইকুইভেলেন্স করতে হবে।

১৫। অনলাইন বা দুরশিক্ষণের মাধ্যমে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা যাবে না।

১৬। **শিক্ষক পদে অভিজ্ঞতা বলতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্ত্বশাসিত) সক্রিয় শিক্ষকতা/গবেষণা প্রতিষ্ঠানের গবেষণার কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।**

১৭। সরকারী/আধা-সরকারী/সায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরীকাল হিসেবে ঐ প্রতিষ্ঠানের চাকুরীর অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।

১৮। কোন শিক্ষক Postdoctoral Fellowship Program-এ শিক্ষা ছুটি নিয়ে অংশগ্রহণ করলে সর্বোচ্চ ০২ (দুই) বৎসর সক্রিয় শিক্ষকতাকাল হিসেবে গণ্য করা হবে। এই বিশ্ববিদ্যালয়ে চাকুরীতে যোগদানের পূর্বে Postdoctoral Fellowship Program-এর সর্বোচ্চ ০১ (এক) বৎসর গবেষণার সময়কালকে সক্রিয় শিক্ষকতাকাল হিসেবে গণ্য করা যেতে পারে।

১৯। বিনা বেতনে/লিয়েনে বা Extraordinary ছুটি সক্রিয় শিক্ষকতাকাল বলে বিবেচিত হবে না, তবে প্রেষনের (Deputation) ক্ষেত্রে এটা প্রযোজ্য হবেনা।

২০। বিশ্ববিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের অনর্জনযোগ্য (Unattainable) শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য ক্ষেত্রে শিথিল করা যাবে (এসএসসি হতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত)।

২১। **নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক কোটা অনুসরণ করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রয়োজনীয় সনদ সংযুক্ত করতে হবে।**

২২। সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে "অঙ্গীকারনামা" প্রদান করতে হবে।

[গত ০৬/০৫/২০২৫ তারিখের বুটেক্স/প্রশাঃ/২২/১১তম খন্ড/২০২৪/৪৬৪ নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী লাইব্রেরীয়ান পদে আবেদকারী প্রার্থীদের পুণরায় আবেদন করার প্রয়োজন নেই]

28.09.26

(অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং-বুটেক্স/প্রশাঃ/২২/১৩তম খন্ড/২০২৬/৮৯৬ তারিখ: ২৮/০৯/২০২৬

বিতরণ, সদয় অবগতির জন্য-

১। সকল ডীন, বুটেক্স।
২। সকল বিভাগীয় প্রধান, বুটেক্স।
৩। পরিচালক (সকল), বুটেক্স।
৪। প্রক্টর, বুটেক্স।
৫। সকল দপ্তর প্রধান, বুটেক্স।
৬। প্রোগ্রামার, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-এ আপলোড করার অনুরোধসহ), বুটেক্স।
৮। পিএসটু ভিসি, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বুটেক্স।
৯। শাখা প্রধান/ল্যাব ইনচার্জ, সকল শাখা/ল্যাব/ওয়ার্কশপ, বুটেক্স।
১০। সংশ্লিষ্ট নথি।

28/09/26

(মুহাম্মদ শরীফুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার(এইচআর)